# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 11-02-2025** **Time: 7-50 P.M.**

## বিশেষ বিশেষ খবরঃ–

১) ২০২৫-২৬ আর্থিক বছরের রাজ্য বাজেট পেশ করা হবে আগামীকাল।

বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিংহের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আনা এক শোক প্রস্তাব গৃহীত হয়েছে।

২) পশ্চিমবঙ্গ বিধানসভায় এসে বক্তব্য রাখার ইচ্ছে প্রকাশ করেছেন, দেশের উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকর।

৩) Shab -e- Barat ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন উপলক্ষে আগামী ১৩ এবং ১৪-ই ফেব্রুয়ারি রাজ্যে ছুটি ঘোষণা করা হয়েছে ।

৪) মাধ্যমিকের দ্বিতীয় ভাষার পরীক্ষা আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে।

৫) হরিণঘাটার ম্যাকাউটে এমটেকের এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় আজ ওই বিশ্ববিদ্যালয়ের সমস্ত পরীক্ষা বাতিল করা হয়।

OOOOOOOOOOOOOOOOOOOO

২০২৫-২৬ আর্থিক বছরের রাজ্য বাজেট পেশ করা হবে আগামীকাল। বিকেল চারটেয় বাজেট প্রস্তাব পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। ২০২৬ সালের বিধানসভা ভোটের আগে বর্তমান সরকারের শেষ পূর্ণাঙ্গ বাজেটকে কেন্দ্র করে সব মহলের কৌতূহল তুঙ্গে। এর আগে, আজ রাজ্য সরকারের বাজেটের অভিমুখ ব্যাখ্যা করে বিধানসভার পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, ২০১১ সালে ক্ষমতায় আসার পর থেকেই তাঁদের সরকারের প্রাথমিক লক্ষ্য সমাজের সর্বস্তরের কাছে সরকারি সুযোগ পৌঁছে দেওয়া।

(বাইট – শোভনদেব)

০০০০০০০০০০০০০০০০০

বিধানসভার বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনে আজ প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী ডক্টর মনমোহন সিংহের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে আনা এক শোক প্রস্তাবের উপর আলোচনা হয়। শাসক ও বিরোধী পক্ষের একাধিক বিধায়ক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রাক্তন প্রধানমন্ত্রীর উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেন। আলোচনার সূত্রপাত করে পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় মনমোহন সিংহকে দেশের অন্যতম শ্রেষ্ঠ প্রধানমন্ত্রী বলে উল্লেখ করেন। তাঁর আমলে দেশের অর্থনৈতিক শ্রী বৃদ্ধির কথা উল্লেখ করে শোভনদেব বাবু, ১০০ দিনের কাজ, তথ্যের অধিকার আইনের মত ইউ পিএ জমানার গুরুত্বপূর্ণ কয়েকটি প্রকল্প ও পদক্ষেপের কথাও স্মরণ করেন।

বিরোধী পক্ষের মুখ্য সচেতক, শঙ্কর ঘোষ প্রাক্তন প্রধানমন্ত্রীকে শ্রদ্ধা জানিয়ে বলেন, মনমোহন সিংহ তার বিচক্ষণতা এবং অর্থনৈতিক প্রাজ্ঞতাকে কাজে লাগিয়ে ভারতবর্ষের অর্থনীতিকে সুস্থিত রেখেছিলেন। আলোচনার শেষে শোক প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে বিধানসভায় গৃহীত হয়। এছাড়াও এক পৃথক প্রস্তাবে আজ ওস্তাদ জাকির হোসেন শ্যাম বেনেগাল রাজা মিত্র, সদ্যপ্রয়াত বিধায়ক নাসির উদ্দিন আহমেদসহ বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক জ্ঞাপন করা হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গ বিধানসভায় এসে বক্তব্য রাখার ইচ্ছে প্রকাশ করেছেন, দেশের উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনকর। রাজ্য বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে দূত পাঠিয়ে শ্রী ধনখড় এ ব্যাপারে আগ্রহের কথা জানিয়ে বলেন, নিজের নয় রাজ্যের লিখে দেওয়া ভাষণই পাঠ করতে চান তিনি। উপরাষ্ট্রপতি তথা রাজ্যের প্রাক্তন রাজ্যপালের এই প্রস্তাবিত সফরকে স্বাগত জানিয়ে অধ্যক্ষ বলেন, এই ঘটনা অভূতপূর্ব। দেশের কোনও উপরাষ্ট্রপতির রাজ্য বিধানসভায় এসে বক্তব্য রাখার নজির নেই। তবে বাজেট অধিবেশনে উপরাষ্ট্রপতিকে বক্তব্য রাখার সুযোগ দেওয়ার আইনি সংস্থান না থাকায় বিশেষ অধিবেশন ডেকে উপরাষ্ট্রপতির ভাষণ দেওয়ার ব্যবস্থা করা হবে। এই বিষয়ে কি করনীয় তা স্থির করতে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় আগামীকাল বিধানসভায় কার্যনির্বাহী কমিটির বিশেষ বৈঠক ডেকেছেন বলেও জানা গেছে।

oooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের অঙ্গনওয়াড়ি কেন্দ্র গুলিতে রান্নার জন্য এল পি জি গ্যাস ব্যবহার করার ছাড়পত্র দিয়েছে রাজ্য সরকার। নারী - শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ মন্ত্রী শশী পাঁজা আজ বিধানসভার বাইরে জানান, এজন্য রাজ্যের খরচ হবে ৩৭ কোটি ৮১ লক্ষ টাকার বেশী।

(বাইট - শশী পাঁজা)

উল্লেখ্য, সম্প্রতি দক্ষিণ দিনাজপুর জেলার বালুরঘাট গ্রামীণ ব্লকে রান্না করার সময় এক অঙ্গনওয়াড়ি সহায়িকার অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনায় প্রেক্ষিতে এই সিদ্ধান্ত বলে খবর।

oooooooooooooooooooo

রাজ্য সরকার Shab -e- Barat উপলক্ষ্যে আগামী ১৩ ফেব্রুয়ারি ও ঠাকুর পঞ্চানন বর্মার জন্মদিন উপলক্ষে আগামী ১৪ ফেব্রুয়ারি ছুটি ঘোষণা করেছে। রাজ্য সরকারের অর্থ দপ্তর আজ এক বিজ্ঞপ্তিতে এই ছুটির কথা ঘোষণা করে। এর ফলে ওই

দুইদিন, রাজ্য সরকারি দপ্তর, পুরসভা ও পঞ্চায়েত, পুরনিগম, স্বশাসিত সংস্থা এবং রাজ্য সরকার নিয়ন্ত্রিত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooo

নিয়োগ দুর্নীতি মামলায় ২৩ মাস জেলে বন্দি থাকায় পলাশীপাড়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক মানিক ভট্টাচার্য, সেই সময়ের জন্য কোন বিধায়ক ভাতা পাবেন না বলে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আজ বিধানসভায় এই বিষয়ে দীর্ঘ শুনানির পর অধ্যক্ষ বলেন, অ্যাকাউন্ট জেনারেলের সঙ্গে পরামর্শ করে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

উল্লেখ্য, নিয়োগ দুর্নীতি মামলায় এই বিধায়ককে ২০২২ সালের ১১ই সেপ্টেম্বর গ্রেফতার করেছিল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। গত বারোই সেপ্টেম্বর তিনি জামিনে মুক্তি পান। এরপরে নিজের বকেয়া ভাতা মিটিয়ে দেওয়ার জন্য তিনি বিধানসভায় আবেদন করেছিলেন।

oooooooooooooooooooo

দ্রুত নিয়োগের দাবিতে আজ ২০২২-এর টেট উত্তীর্ণ চাকরি প্রার্থীরা সল্টলেকের করুণাময়ীতে বইমেলা প্রাঙ্গণের উল্টো দিকে প্রতীকী বেকার মেলার আয়োজন করে। স্টল করে চপ ভেজে প্রতিবাদ কর্মসূচীতে সামিল হন তারা। দীর্ঘ সাত বছরের বেশি সময় ধরে নিয়োগ না পাওয়ায় তীব্র ক্ষোভও তারা ব্যক্ত করেন ।

ooooooooooooooooooooo

রাজ্যে চলতি মাধ্যমিকের দ্বিতীয় ভাষার পরীক্ষাও আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। পরীক্ষার্থীদের সুবিধায় প্রশাসনের পক্ষ থেকে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে।

পরীক্ষা দিতে যাওয়ার পথে আজ উত্তর ২৪ পরগনার বাগদার রণঘাট অঞ্চল উচ্চ বিদ্যালয়ের ছাত্র রাজা সরকার এবং পুরুলিয়ার জয়পুরের শ্রীরামপুর হাইস্কুলের ছাত্র

রামপ্রসাদ মাহাতো দুর্ঘটনায় আহত হয়। প্রশাসনের পক্ষ থেকে দু-জনকেই উদ্ধার করে নিজ নিজ এলাকার হাসপাতালে পরীক্ষার বন্দোবস্ত করা হয়।

এদিকে, মুর্শিদাবাদে এবছরও মাধ্যমিক পরীক্ষায় বেড়েছে ছাত্রীর সংখ্যা। স্কুল ড্রপআউট কমায় মোট পরীক্ষার্থীর সংখ্যাও বেড়েছে প্রায় ১৬ হাজার। নাবালিকার বিয়ে বন্ধ এবং পরিযায়ী শ্রমিকের সন্তানদের স্কুলে পাঠানো নিয়ে সচেতনতার প্রচারের ফলে জেলায় শিক্ষার বিকাশ পরিলক্ষিত হচ্ছে। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – মামুন)

oooooooooooooooooooo

নদীয়ার হরিণঘাটায় মৌলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজিতে এমটেকের ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় পড়ুয়াদের বিক্ষোভের জেরে বিশ্ববিদ্যালয়ের আজকের সব পরীক্ষা বাতিল করা হয়। গতকালের পর আজও সকাল থেকেই বিশ্ববিদ্যালয়ের মূল গেট বন্ধ করে রাখেন আন্দোলনকারী ছাত্রছাত্রীরা। গতরাতে একাডেমিক বিল্ডিং-এর নিচে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরের বাসিন্দা এমটেক প্রথম বর্ষের ছাত্রী সায়নী দাসকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করা হয়। স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। এরপরই কর্তৃপক্ষের গাফিলতির অভিযোগে বিক্ষোভ শুরু করেন ম্যাকাউটের শিক্ষার্থীরা। তাঁদের অভিযোগ, দ্বিতীয় সিমেস্টারের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে মাইক্রো-ইলেকট্রনিক্স বিভাগের ওই ছাত্রীকে হেনস্থা করেন এক শিক্ষক। অপমানিত হয়েই তিনি আত্মঘাতী হয়েছেন বলে সহপাঠীদের দাবি।

এদিকে, আন্দোলনরত ছাত্র-ছাত্রীদের সঙ্গে বসেও জট খোলেনি। দায়িত্বপ্রাপ্ত উপাচার্য তাপস চক্রবর্তী 24 ঘন্টা একটানা ইউনিভার্সিটিতে আটকে থাকবার পর কিছুক্ষণ আগে ক্যাম্পাস ছেড়েছেন। আগামীকালের পরীক্ষা নেওয়ার ব্যাপারে বলেন

পরিস্থিতির ওপর নজর রেখে সিদ্ধান্ত নেওয়া হবে বলে তিনি জানান। ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যের দিকটা ভেবে ইউনিভার্সিটি ক্যাম্পাসে ৩ শিফটে তিনজন অ্যাম্বুলেন্স চালক রাখা সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

নদীয়ার কল্যাণীর রথতলায় বিস্ফোরণে ৪ মহিলার মৃত্যুর ঘটনায় রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এর জন্য রাজ্য সরকার এবং প্রশাসনকে দায়ী করেছেন। আজ ঘটনাস্থল পরিদর্শন করে তিনি বলেন, পুলিশ এব্যাপারে সদর্থ্যক ভূমিকা না নিলে নিরপেক্ষ সংস্থাকে দিয়ে যাতে তদন্ত করানো যায়, সেজন্য উদ্যোগ নেওয়া হবে।

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ বলেছেন, কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে তদন্তের দাবি যেকেউ জানাতেই পারে, তবে, রাজ্যের পুলিশ প্রশাসন এব্যাপারে যথাযথ পদক্ষেপ নিয়েছে।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার মৈপীঠের নগেনাবাদে লোকালয়ে ঢুকে পড়া বাঘটিকে খাঁচাবন্দি করার পর আজ দুপুরে সেটিকে সুন্দরবন ব্যাঘ্র প্রকল্প এলাকায় ছেড়ে দেওয়া হয়েছে। গতকাল ঐ এলাকায় জাল লাগানোর সময় এক বনকর্মীকে আক্রমণ করে বাঘটি। বর্তমানে তিনি এস এস কে এম হাসপাতালে চিকিৎসাধীন। দীর্ঘ প্রচেষ্টার পর আজ ভোর রাতে বনদপ্তরের পাতা ফাঁদে বাঘটি ধরা পড়ে।

oooooooooooooooooooooooo

মাঘী পূর্ণিমা উপলক্ষ্যে পুণ্যস্নানের জন্য আগামীকাল দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে লক্ষাধিক মানুষের সমাগম হতে চলেছে। আজ সকাল থেকে কাকদ্বীপের লট নং আটে পুণ্যার্থীদের দীর্ঘ লাইন। ভিড় সামাল দিতে সুন্দরবন পুলিশ জেলার পক্ষ থেকে আঁটোসাটো নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। চালানো হচ্ছে অতিরিক্ত ভেসেল ও বাস। আজ রাতভর পুণ্যার্থীরা আসবেন। মকর সংক্রান্তির পর এই তিথিতেই সবচেয়ে বেশী

ভিড় হয় সাগরে। মেলা মাঠে পানীয় জল, শৌচাগারের ব্যবস্থা করা হয়েছে। থাকছে যাত্রীনিবাস।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo